

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ত্বাহারৎ বা পবিত্রতা (الطهارة) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

(খ) গোসলের বিবরণ (صفة الغسل)

সংজ্ঞা : 'গোসল' (الغُسْلُ) অর্থ ধৌত করা। শারঈ পরিভাষায় গোসল অর্থ : পবিত্রতা অর্জনের নিয়তে ওযূ করে সর্বাঙ্গ ধৌত করা। গোসল দু'প্রকার : ফরয ও মুস্তাহাব।

- (১) ফরয : ঐ গোসলকে বলা হয়, যা করা অপরিহার্য। বালেগ বয়সে নাপাক হ'লে গোসল ফরয হয়। যেমনআল্লাহ বলেন, اَوْ إِلْنَ كُنْتُمْ جُنُبًا فَاطَّهَرُوا 'যদি তোমরা নাপাক হয়ে থাক, তবে গোসল কর' (মায়েদাহ ৬)।
- (২) মুস্তাহাব : ঐ গোসলকে বলা হয়, যা অপরিহার্য নয়। কিন্তু করলে নেকী আছে। যেমন- জুম'আর দিনে বা দুই ঈদের দিনে গোসল করা। সাধারণ গোসলের পূর্বে ওযূ করা স্বাস্থ্যের জন্য উপকারী। সাইয়িদ সাবিক্ব একে 'মানদূব' (পসন্দনীয়) বলেছেন।[62]

গোসলের পদ্ধতি : ফরয গোসলের জন্য প্রথমে দু'হাতের কজি পর্যন্ত ধুবে ও পরে নাপাকী ছাফ করবে। অতঃপর 'বিসমিল্লাহ' বলে ছালাতের ওযূর ন্যায় ওযূ করবে। অতঃপর প্রথমে মাথায় তিনবার পানি ঢেলে চুলের গোড়ায় খিলাল করে ভালভাবে পানি পৌঁছাবে। তারপর সারা দেহে পানি ঢালবে ও গোসল সম্পন্ন করবে। [63]

জ্ঞাতব্য : (১) গোসলের সময় মেয়েদের মাথার খোপা খোলার দরকার নেই। কেবল চুলের গোড়ায় তিনবার তিন চুল্লু পানি পৌঁছাতে হবে। অতঃপর সারা দেহে পানি ঢালবে। [64]

- (২) রাসূল (ছাঃ) এক মুদ্দ (৬২৫ গ্রাম) পানি দিয়ে ওযূ এবং অনধিক পাঁচ মুদ্দ (৩১২৫ গ্রাম) বা প্রায় সোয়া তিন কেজি পানি দিয়ে গোসল করতেন। [65] প্রয়োজনের অতিরিক্ত পানি অপচয় করা ঠিক নয়।
- (৩) নারী হৌক পুরুষ হৌক সকলকে রাসূলুল্লাহ (ছাঃ) পর্দার মধ্যে গোসল করতে নির্দেশ দিয়েছেন।[66]
- (৪) বাথরুমে বা পর্দার মধ্যে বা দূরে লোকচক্ষুর অন্তরালে নগ্নাবস্থায় গোসল করায় কোন দোষ নেই।[67]
- (৫) ওয়ৃ সহ গোসল করার পর ওয়ৃ ভঙ্গ না হ'লে পুনরায় ওয়ূর প্রয়োজন নেই।[68]
- (৬) ফরয গোসলের পূর্বে নাপাক অবস্থায় পবিত্র কুরআন স্পর্শ করা যাবে না। তবে মুখে কুরআন পাঠ করা এবং মসজিদে প্রবেশ করা জায়েয আছে।[69] সাধারণ অপবিত্রতায় কুরআন স্পর্শ করা বা বহন করা জায়েয আছে। [70]

মুস্তাহাব গোসল সমূহ:

- (১) জুম'আর ছালাতের পূর্বে গোসল করা।[71]
- (২) মোর্দা গোসল দানকারীর জন্য গোসল করা ৷[72]
- (৩) ইসলাম গ্রহণের সময় গোসল করা।[73]



- (৪) হজ্জ বা ওমরাহর জন্য ইহরাম বাঁধার পূর্বে গোসল করা।[74]
- (৫) আরাফার দিন গোসল করা।[75]
- (৬) দুই ঈদের দিন সকালে গোসল করা।[76]

ফুটনোট

- [62] . ফিক্বহুস সুন্নাহ ১/৪১।
- [63] . মুত্তাফারু 'আলাইহ, মুসলিম, মিশকাত হা/৪৩৫।
- [64] . মুসলিম, মিশকাত হা/৪৩৮।
- [65] . মুত্তাফারু 'আলাইহ, ইরওয়াউল গালীল হা/১৩৯; চার মুদ্দে এক ছা' হয়। ইরওয়া, উক্ত হাদীছের টীকা ১/১৭০ পৃঃ; আবুদাউদ হা/৯৬।
- [66] . আবুদাউদ, নাসাঈ, মিশকাত হা/৪৪৭।
- [67] . মুসলিম হা/৩৩৯; বুখারী হা/২৭৮; ঐ, মিশকাত হা/৫৭০৬-০৭; ফিরুহুস সুনাহ ১/৫৮।
- [68] . আবুদাউদ, তিরমিযী, নাসাঈ, মিশকাত হা/৪৪৫।
- [69] . ফিকহুস সুন্নাহ ১/৫১-৫২।
- [70] . ফিক্স সুন্নাহ ১/৪৩।
- [71] . মুত্তাফার্ক 'আলাইহ, মিশকাত হা/৫৩৭-৩৯, 'পবিত্রতা' অধ্যায়-৩, 'মাসনূন গোসল' অনুচ্ছেদ-১১।
- [72] . ইবনু মাজাহ, তিরমিযী, আবুদাউদ, মিশকাত হা/৫৪১।
- [73] . তিরমিয়ী, আবুদাউদ, নাসাস, মিশকাত হা/৫৪৩।
- [74] . দারাকুৎনী, হাকেম, ইরওয়াউল গালীল হা/১৪৯, ১/১৭৯ পৃঃ।
- [75] . বায়হাকী, ইরওয়া হা/১৪৬, 'ফায়েদা' দ্রষ্টব্য; নায়ল ১/৩৫৭।



[76] . বায়হাকী, ইরওয়া হা/১৪৬, 'ফায়েদা' দ্রষ্টব্য; নায়ল ১/৩৫৭।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9184

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন